আল্লাহ এমন কোনো নবী প্রেরণ করেন নি যিনি তার জাতিকে কানা মিথ্যুকটি সম্পর্কে সাবধান করেন নি।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ সূত্রে বর্ণিত, “আল্লাহ এমন কোনো
নবী প্রেরণ করেন নি যিনি তার জাতিকে কানা মিথ্যুকটি সম্পর্কে সাবধান করেন নি।
সাবধান এই মিথ্যুকটি তো কানা (দাজ্জাল)। আর তোমাদের রব তো অন্ধ নন। তার
(দাজ্জালের) দু'চোখের মাঝখানে কা-ফি-র (শব্দ) লেখা থাকবে।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আল্লাহ যত নবী প্রেরণ করেছেন সে সকল নবী তার জাতিকে কানা মিথ্যুক মাসীহ দাজ্জাল সম্পর্কে সাবধান ও সতর্ক করেছেন; কেননা তারা দাজ্জালের আবির্ভাব ও তার ভয়ংকর ফিতনা সম্পর্কে জানতেন এবং তাদের জাতিকে তার (দাজ্জালের) কিছু পরিচয়ও বর্ণনা করেছেন। এ হাদীসে উল্লেখ আছে যে, এই মিথ্যুকটি কানা (দাজ্জাল)। আর আল্লাহ সুবহানাহু ওয়াতা‘আলা এ ধরনের দোষ-ত্রুটি থেকে মুক্ত। দাজ্জালের আরেকটি আলামত হলো তার দুচোখের মাঝখানে কা-ফা-রা লেখা থাকবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5832